

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
বাজেট শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.moysports.gov.bd



আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের  
ওপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

সভাপতি : বেগম রাশেদা জামান  
যুগ্মসচিব (সমন্বয় ও আইন)  
সভার তারিখ : ২৭/০৪/২০২২ খ্রি.  
সভার সময় : বেলা ০২:০০ টা  
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং ৫০২, ভবন নং ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে শুদ্ধাচার সম্পর্কে গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (বাজেট) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট) মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন একে একে সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সহকারী সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা আগামী ২৮ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়েছে। আগামী ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাসময়ে দাখিল এবং চলতি ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার যেসকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা এখনও অর্জিত হয়নি, সেসকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) মন্ত্রণালয়ের অনুরূপ দপ্তর/সংস্থাসমূহকে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ/২০২২) ফিডব্যাক প্রদান করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- খ) চলতি ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার যেসকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা এখনও অর্জিত হয়নি, সেসকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- গ) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার আগামী ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৪/২০২২  
বেগম রাশেদা জামান  
যুগ্মসচিব (সমন্বয় ও আইন)


(অ:পূ:দ্র:)

নং ৩৪.০০.০০০০.০৪৫.০৫.০১০.২১-৪২২

তারিখঃ ১৫ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ  
২৮ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ২) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা
- ৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
- ৪) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
- ৫) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা
- ৬) জনাব রাশেদা জামান, যুগ্মসচিব (সমন্বয় ও আইন) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
- ৭) উপসচিব (ক্রীড়া) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
- ৮) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
- ৯) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

  
(মোহাম্মদ রুবায়েত খান)  
সিনিয়র সহকারী সচিব